[redacted]

[redacted]

দায়ের করার পর অব্যহত হুমকী দিয়ে যাচ্ছে সজিবুল। বর্তমানে নিরাপত্তাহীন অবস্থায় আছেন বলেও দাবী করেছেন আনোয়ার হোসেন। বিষয়টি সমাধানে প্রশাসনের হস্তক্ষেপ দাবী করেছেন তিনি।

সংবাদ সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, বিশিষ্ট ব্যবসায়ি গোলাম মর্তুজা, জিন্নাত আলী, আবুল কালাম আজাদ, মারুফ হাসান, আনসারুল ইসলাম কাটুসহ এলাকার গন্যমান্য ব্যক্তি।

এবিষয়ে দোকান ভাংচুরের বিষয়ে জানতে চেয়ে সজিবুল এর সাথে মোবাইল ফোনে একাধিকবার যোগাযোগ করেও মোবাইলে সংযোগ না পাওয়ায় মন্তব্য নেয়া সম্ভব হয়নি।

গাংনীতে ঈদ পূর্ণমিলনী ও প্রীতিভোজ অনুষ্ঠান

পবিত্র ঈদ উল আযহা ২০২৩ পরবর্তী বর্ণাঢ্য আয়োজনে ঈদ পূর্ণমিলনী অনুষ্ঠান করেছেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণে সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক।

আজ শুক্রবার দুপুরে গাংনী এতিমখানা চত্বরে ঈদ পূর্ণমিলনী ও প্রীতিভোজ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু,গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক, বিভিন্ন ইউপি চেয়ারম্যানসহ স্থানীয় জনপ্রতিনিধি ও নিকট আত্নীয় স্বজন। এসময় সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠান শেষে প্রীতিভোজ করানো হয় আমন্ত্রিত অতিথিবুন্দদের।

অনুষ্ঠানে শিক্ষক,স্বজন,স্থানীয় গন্যমান্য ব্যাক্তি ও স্থানীয় সাংবাদিবৃন্দরা অংশ গ্রহন করেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

জন্মবার্ষিকী উপলক্ষে একটি র্যালী শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে ফরহাদ হোসেনের বাড়ির সামনে কেক কাটেন।

মুজিবনগরের মোনাখালী গ্রামে ফুটবল টুর্নামেন্ট আয়োজন উপলক্ষে আলোচনা সভা

মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের মোনাখালী গ্রামে এক বিরাট ফুটবল টুর্নামেন্টের আয়োজন উপলক্ষে গ্রামের গণ্যমান্য ব্যক্তিদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে একটি গুরুত্বপূর্ণ আলোচনা সভার আয়োজন করা হয়েছে আজ বৃহস্পতিবার বিকেলে মোনাখালী ফুটবল খেলার মাঠে।

মোনাখালী ইউনিয়ন পরিষদের ০১ নম্বর ওয়ার্ডের সদস্য হাবিবুর রহমানের সভাপতিত্বে আলোচনা সভাটি অনুষ্ঠিত হয়। আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান।

উক্ত আলোচনা অনুষ্ঠানে অনন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা জসীমউদ্দীন,উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা মিঠু,উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক মানিক,মোনাখালী ইউনিয়ন যুবলীগের সভাপতি আব্দুল খালেক। ইট ভাটা মালিক ফারুক হোসেন ও চপল, আবদার আলী, লাভলু,আহাসান উল্লাহ, মনসুর আলী রোকনুজ্জামান, সেলিম রেজা, চান্দ আলী, ফকিরসহ আরো অনেকে।

আলোচনা সভা থেকে খেলা পরিচালনা কমিটি চূড়ান্ত করা হয়েছে। এই টুর্নামেন্টে মোট ৩২ টি দল অংশগ্রহণ করবে এবং প্রত্যেককেই নকআউট পর্ব হিসেবে খেলবে বলে নিশ্চিত করেছে খেলা পরিচালনা কমিটি।

ফাইনাল খেলায় বিজয়ী কে মোনাখালী ফুটবল টুর্নামেন্টের স্মরণকালের সবচেয়ে আকর্ষণীয় পুরস্কার প্রদান করবে বলে জানিয়েছে খেলা পরিচালনা কমিটি।

[redacted]

[redacted]

জেলা ও উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ

বর্ষা , নুসরাত, বিপাশা কারাগারে

মেহেরপুরে চাঞ্চল্যকর আটলান্টিকা হোটেল কাণ্ড ঘটনায় চাঁদাবাজি ও পর্ণগ্রাফি মামলার আসামি বর্ষা, নুসরাত ও বিপাশার জামিন বাতিল করে কারাগারে পাঠিয়েছেন আদালত।

আজ বৃহস্পতিবার দুপুরে মেহেরপুরের চীফ জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট আবু বকর সিদ্দিকের আদালতে বর্ষা, নুসরাত ও বিপাশা জামিন আবেদন করে আত্মসমর্পণ করলে বিজ্ঞ বিচারক তাদের কারাগারে পাঠানোর আদেশ দেন।

মামলায় আসামি বিপাশার পক্ষে আইনজীবী আলমগীর হোসেন বলেন, আসামীর জামিন আদেশ বৃদ্ধির আবেদন করি। বিজ্ঞ আদালত জামিন না মঞ্জুর করে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন।

অপর আসামি নুসরাত ও বর্ষার পক্ষে ইয়ারুল ইসলাম আইনজীবীর দায়িত্ব পালন করেন। সরকারি পক্ষে কোর্ট পুলিশ পরিদর্শক কৌসুলির দায়িত্ব পালন করেন।

এর আগে গত ২১ জুন একই আদালত এই আসামিদের ৬ জুলাই পর্যন্ত অন্তর্বর্তীকালীন জামিন দিয়েছিলেন।

আদালত সূত্রে জানা গেছে, নুসরাত, বর্ষা রহমান, বিপাশা খাতুন, বাংলাভিশনের সাংবাদিক তুহিন আরন্য, ডিবিসি চ্যানেলের সাংবাদিক আবু আক্তার করণ, দেশ টিভির সাংবাদিক রেক্সোনা আরা, নিলুফার ইয়াসমিন রুপাসহ ১৭ আসামিকে অভিযুক্ত করে হোটেল আটলান্টিকা কাণ্ড মামলায় পুলিশ আদালতে চার্জশিট দেয়। অভিযুক্তদের বিরুদ্ধে পেনাল কোডের ৪১৭/৩৮৫/৩৮৬/৫০৬ ধারাসহ ২০১২ সালের পর্নোগ্রাফী নিয়ন্ত্রণ আইনের ৮(১),৮(২), ৮(৩), ৮(৪) ধারায় অপরাধ প্রাথমিকভাবে সত্য বলে প্রমানিত হওয়ায় আদালতে চার্জশিট দাখিল করেন তদন্তকারী

কর্মকর্তা।

চার্জশিটে অভিযুক্তরা হলেন- বাংলাভিশনের মেহেরপুর প্রতিনিধি মুস্তাফিজুর রহমান ওরফে তুহিন আরন্য, ডিবিসি টেলিভিশনের মেহেরপুর প্রতিনিধি আবু আক্তার করন, দেশ টিভির প্রতিনিধি রোকসানা আরা, এশিয়ান টিভির প্রতিনিধি মিজানুর রহমান জনি, কথিত সাংবাদিক নাজনিন খান প্রিয়া, ছন্দা খাতুন, আটলান্টিক হোটেল মালিক মতিয়ার রহমান, তার ছেলে মামুন জোয়ার্দার, আব্দুস সালাম, হাসিবুল হক জয়, নেহাল আল মুকিত, শাহাজান আলী, মোছা. রুপা, নুসরাত, বর্ষা, সুমন রহমান বিমান ও বিপাশা।

পুলিশের চার্জশিট থেকে জানা যায়, একটি নারী চক্র গড়ে তুলে মেহেরপুর শহরের আভিজাত শ্রেনীর হোটেল আটলান্টিকার মালিক মতিয়ার রহমান ও তার ছেলে মামুন বিভিন্ন ব্যবসায়ী, সরকারি কর্মকর্তা বা অভিজাত শ্রেনীর মানুষকে সুন্দরী নারী দিয়ে প্রেমের ফাঁদে ফেলে শারীরিক সম্পর্ক স্থাপন করে তা ভিডিও ধারণ করেন। এবং সেই ভিডিও দিয়ে ব্লাকমেইল করে অর্থ হাতিয়ে নিচ্ছিল। এই চক্রে বিভিন্ন এলাকার প্রায় ডজনখানেক সুন্দরী নারী জড়িত ছিলো।

উল্লেখ্য, গত বছরের ২২ নভেম্বর মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের মনোয়ার হোসেন নামের এক এনজিও কর্মী সদর থানায় নারী চক্রের প্রধান হোতা প্রিয়া খানকে আসামি করে দণ্ডবিধির ৪১৭/৩৮৫/৩৮৬/৫০৬ ধারায় একটি মামলা করেন।

“আমার চোখে বঙ্গবন্ধু” ভিডিও চিত্র নির্মাণ প্রতিযোগীতার প্রস্তুতি সভা

১৫ আগষ্ট জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের রাজনৈতিক দর্শন, আদর্শ, কর্মজীবনের অনুপ্রেরণা কোমলমতি শিক্ষার্থীদের মাঝে ছড়িয়ে ও তাদের অংশগ্রহনে জেলা বিভাগ ও জাতীয় পর্যায়ে “আমার চোখে

বঙ্গবন্ধু” বিষয়ে ১ মিনিটের ভিডিও চিত্র তৈরীর প্রতিযোগীতার প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (৬ জুলাই) সকাল ১০ টার সময় মেহেরপুর জেলা প্রশাসকের সভাকক্ষে এই প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিংকন বিশ^◌াস, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট লিওজা উল জান্নাহ, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ^◌াস, মেহেরপুর জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্বাছ উদ্দীন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ভূপেশ রঞ্জন রায়, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, মেহেরপুর জজকোর্টের পাবলিক প্রসিকিউটর (পিপি) পল্লব ভট্টাচার্য, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষনা পরিষদের জেলা শাখার সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন প্রমুখ। প্রস্তুতি সভায় বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও তাদের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

জেলা এবং উপজেলার স্কুল কলেজ ও তদুর্ধ পর্যায়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে ৩ টি গ্রুপে (ক)প্রাথমিক বা সমপর্যায়ে(খ) মাধ্যমিক বা সমপর্যায়ে ও (গ) উচ্চ মাধ্যমিক ও সমপর্যায়ে।
ভিডিওটি প্রস্তুত করে মেইল/ পেন ড্রাইভ/ড্রাইভ বা লিংকের মাধ্যমে আগামি ১৬ জুলাই এর মধ্যে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের বরাবর জমা দিতে হবে। উপজেলা পর্যায়ে তিন জন প্রতিযোগীকে পুরস্কৃত করা হবে। সেখান থেকে জেলা পর্যায়ে যাবে একজন প্রতিযোগী। জেলা পর্যায়ে থেকে একজন নির্বাচিত হয়ে যাবে বিভাগীয় পর্যায়ে প্রতিযোগীতার জন্য।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় আহত খালেক মারা গেছেন

দুর্ঘটনায় আহত আব্দুল একদিন পর চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। আব্দুল খালেক গাংনী উপজেলার ঢেপা গ্রামের পূর্বপাড়ার মৃত মহাম্মদ আলীর ছেলে।

গত বুধবার দিবাগত মধ্যরাতে রাজশাহী মেডিকেল কলেজ (রামেক) হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

এর আগে মঙ্গলবার (৪ জুলাই) সকাল ৯ টার দিকে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের বারাদী নামক স্থানে বিপরীতগামী দুটি মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে আব্দুল খালেক মারাত্বক আহত হন। আহত খালেককে উদ্ধার করে প্রথমে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ও পরে সেখান থেকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করে। রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম পারিবারিক সূত্রের বরাত দিয়ে এই তথ্য নিশ্চিত করেছেন।
রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে মর্গে নিহত আব্দুল খালেকের ময়না তদন্ত করে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করেছে বলে জানা গেছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার -৫

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৫ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ২, সিআর মামলায় ১ জন এবং গাংনী থানা পুলিশের অভিযানে জিআর মামলায় ২ আসামি রয়েছে।

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের জরুরী বিভাগ থেকে এই নিউজের সত্যতা নিশ্চিত করা হয়েছে।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের পৃথক টিম বুধবার দিবাগত রাতে পৃথক অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

আজ বৃহস্পতিবার (৬ জুলাই) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

কুষ্টিয়ার পদ্মা নদীতে আদালতের নিষেধাজ্ঞা অমান্য করে বালু উত্তোলন: লাখ টাকা জরিমানা

কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলার সীমান্তবর্তী পদ্মা নদীতে অবৈধভাবে বালু উত্তোলনকারী দুই ব্যক্তিকে এক লাখ টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

গতকাল বুধবার পদ্মা নদীর হাডিঞ্জ ব্রিজ ও সাঁড়া এলাকায় যৌথভাবে এ অভিযান পরিচালনা করেন ভেড়ামারা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আকাশ কুমার কুণ্ডু।

অভিযানে ভেড়ামারার ফয়েজুল্লাহপুর গ্রামের ইদ্রিস প্রামাণিকের ছেলে আরিফুল ইসলামকে ৫০ হাজার এবং রাইটা গ্রামের বজলু মহলদারের ছেলে রফিকুল ইসলামকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।

ভেড়ামারা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আকাশ কুমার কুণ্ডু বলেন, অবৈধ বালু উত্তোলনকারীদের বিরুদ্ধে আমাদের অভিযান অব্যাহত থাকবে। তারা যতই শক্তিশালী হোক না কেন তাদের আইনের আওতায় আনা হবে।

এদিকে, কুষ্টিয়ার পদ্মা নদীতে আদালতের নিষেধাজ্ঞা অমান্য করে